মুজিবনগরে খাদ্য ও প্রয়োজনীয় পন্য সামগ্রী বিতরন অনুষ্ঠান

বিশ্বের জন্য ভাল পরিবর্তনের অঙ্গিকার নিয়ে বাংলাদেশের একটি আন্তর্জাতিক মানবিক সাহায্য ও উন্নয়নকারী সংস্থা জাতিসংঘ অর্থনৈতিক কাউন্সিলের কনসালটেটিভ স্টেটাস্ যুক্ত গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি। প্রতিষ্ঠানটি ১৯৯৬ সাল হতে বাংলাদেশের ১২টি জেলায় দরিদ্র জনসাধারনের নানা ধরনের উন্নয়নমূলক কাজ করছে।

গুডনেইবারর্স পরিচালিত “মেহেরপুর কমিউনিটি ডেভলপমেন্ট প্রোজেক্ট” ২০০৮ খ্রীঃ থেকে নিবেদিত ভাবে এলাকায় শিশু অধিকার প্রতিষ্ঠায় তাদের শিক্ষা ও স্বাস্থ্য নিশ্চিতকরণ, গর্ভবর্তী মায়েদের স্বাস্থ্য সেবা, পরিবারের আয়বৃদ্ধিমূলক কাজ, নারী উন্নয়ন, যুব উন্নয়ন কার্যক্রম, জরুরী ত্রাণ সহায়তা ও পূনর্বাসন সহ বিভিন্ন ধরনের সচেতনতা মূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে মুজিবনগর উপজেলায় সফলতার সাথে কাজ করে যাচ্ছে।

তার ধারাবাহিকতায় স্পন্সর ও নন স্পন্সর শিশুদের মাঝে খাদ্য নিরাপত্তা ও প্রয়োজনীয় উপকরন সহায়তা প্রকল্পের আওতায় ৪০০ জন শিশুদের খাদ্য ও প্রয়োজনীয় উপকরন প্রদান করা হয়েছে।

খাদ্য ও প্রয়োজনীয় পন্য বিতরণ উপলক্ষে বৃস্পতিবার দুপুরে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার আজগর আলী।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ,উপজেলা একাডেমিক সুপার ভাইজার হাসনাইন জাহিদ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য এবং সিডিপির সহ সভাপতি মি:বাবুল মল্লিক।

অনুষ্ঠানে স্পন্সর ও নন স্পন্সর ৪০০ শিশুদের মাঝে ২ কেজি মুসুরির

ডাল, এক কেজি চিনি, ১ কেজি গুড়া দুধ, ২ লিটার সরিষার তেল, একটি পানির পট, ১টি টিফিন ক্যারিয়ার, একটি বডি লোশন, একটি সাবান এবং একটি পেট্রোলিয়াম জেলি প্রদান করা হয়।